

সরকারি কমান্স কলেজ, চট্টগ্রাম

স্মারক নং- ৭৬৫

তারিখঃ ১৭.০৬.২০১৭

২০১৭ শিক্ষাবর্ষের ডিগ্রি (পাস) বিবিএস প্রাইভেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন

সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০১৭ শিক্ষাবর্ষের ডিগ্রি (পাস) বিবিএস প্রাইভেট কোর্স পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করার জন্য আবেদন ফরম পূরণ করার নিয়মাবলী নিম্নরূপঃ

প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করার সময়সীমা ও জমা দেয়ার স্থানঃ			
ক্রম	বিবরণ	তারিখ	জমা দেয়ার স্থান
ক	অনলাইন থেকে প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন ফরম সংগ্রহ করার সময়সীমা	৩১.০৫.২০১৭ হতে ০৫.০৭.২০১৭	কলেজ অফিস
খ	পূরণকৃত আবেদন ফরম ও নির্ধারিত ফিসহ প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার শেষ তারিখ	০২.০৭.২০১৭ হতে ০৮/০৭/২০১৭	

আবেদন ফরম ডাউনলোড করার ওয়েবসাইটের ঠিকানা: www.admission.nu.edu.bd

প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করার যোগ্যতা

- বাংলাদেশে বসবাসকারী ২০১৩ সাল বা তৎপূর্বে যে কোন বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস করেছে ও জি.সিই "ও" লেভেল পরীক্ষায় অন্তত ৩টি বিষয়ে এবং এ লেভেল পরীক্ষায় অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং পাসের পর ০২ বছর অতিক্রান্ত হয়েছে সে সকল প্রার্থীগণ ২০১৭ সালের ডিগ্রি (পাস) বিবিএস কোর্সে প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- যে সকল প্রার্থী বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ২০১৩ সাল বা তৎপূর্বে আলিম পরীক্ষায় পাস করেছে তারা বি.বি.এস. (পাস) প্রাইভেটে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। তবে ১৯৮৮ সালের পূর্বে উত্তীর্ণ প্রার্থী প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবেনা।
- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।
- প্রাইভেট প্রার্থীগণ রেজিস্ট্রেশনের আবেদন পত্রে যে সকল বিষয় নির্বাচন করবে কেবলমাত্র সে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোনক্রমেই বিষয় পরিবর্তন করা যাবে না।

আবেদন ফরমের সাথে যা জমা দিতে হবে—

- মাধ্যমিক/ সমমান এবং উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষা পাসের মূল সনদ, নম্বরফর্দের মূল কপি ও খাম (৯.৫০"/১৪.৫০") এবং প্রত্যেকটির সত্যায়িত ফটোকপি ০১ সেট।
- কোন অধিভুক্ত কলেজের অধ্যক্ষ অথবা কোন গেজেটেড অফিসারের দেয়া চারিত্রিক এবং পাঠ বিরতির প্রত্যয়ন পত্র।
- একটি সাদা কাগজে পরীক্ষার্থীর ০৩ (তিন) টি সত্যায়িত নমুনা স্বাক্ষর এবং সাম্প্রতিক কালে তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৪ (চার) কপি ফটো। উল্লেখ্য যে, যে কর্মকর্তা নমুনা স্বাক্ষর সত্যায়িত করবেন তিনিই ফটো সত্যায়িত করবেন।
- সামরিক বাহিনী, পুলিশ, বিডিআর ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীদের তাদের দুই বছর পূর্ণ হয়েছে এ মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র। পরীক্ষার্থীর চাকুরীর নিয়োগ কালের তারিখ পরীক্ষা পর্যন্ত চাকুরীতে বহাল থাকার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষা গ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয় প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।
- সরকারি/ আধা সরকারি/ স্বায়িত্ব শাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে প্রত্যয়ন পত্রে উল্লেখ থাকতে হবে।

পাঠ্যক্রম ও পাঠ্যসূচি—

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ডিগ্রী পাস কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীগণ যে পাঠ্যক্রম ও পাঠ্যসূচি অনুসরণ করবে, প্রাইভেট প্রার্থীগণও সেই পাঠ্যক্রম ও পাঠ্যসূচি অনুসরণ করবে।

ফিসের হার ও জমাদানের নিয়ম—

রেজিস্ট্রেশন ফি: ইনকোর্স পরীক্ষার ফিসহ ৯৮৫.০০ (নয়শত পঁচাশি) টাকা মাত্র কলেজ অফিস হতে ফি জমার রশিদ সংগ্রহ করে অগ্রণী ব্যাংক লিঃ বা/এ, কর্পোরেট শাখা, আগ্রাবাদ, চট্টগ্রাম এ জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

বিঃ দ্রঃ কোন ক্রমেই প্রাইভেট পরীক্ষার্থী কেন্দ্র পরিবর্তন করতে পারবে না। মূল সনদপত্র ও নম্বরপত্র ব্যতীত প্রাইভেট পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন করা যাবে না।


২০.০৬.১৭

অধ্যক্ষ

সরকারি কমান্স কলেজ, চট্টগ্রাম